দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৩০ /২০২৬ তারিখঃ২৭/০৫/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর জারিকৃত পরিপত্র নং- ০৭.০০.০০০০.০০০.১৩৮.২২.০০০২.২৫১২৪, তারিখঃ ১৮/০৫/২০২৬ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

দেবাশীষ চৌধুরী
সহকারী সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সরকারী ঋণ ও আর্থিক সম্পদ ব্যবস্থাপনা অনুবিভাগ
প্রচ্ছন্ন দায় ও আর্থিক ঝুঁকি ব্যবস্থাপনা শাখা
www.mof.gov.bd

নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৩৮.২২.০০০২.২৫.১২৪

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৮ মে ২০২৬

## পরিপত্র

বিষয়: **সরকারি সকল রাজস্ব ও প্রাপ্তি 'এ-চালান' (A-Challan) এর মাধ্যমে ট্রেজারি সিঙ্গেল অ্যাকাউন্ট (TSA)-এ জমা নিশ্চিতকরণ এবং ম্যানুয়াল চালান পদ্ধতি রহিতকরণ।**

বাংলাদেশের সংবিধান অনুযায়ী সরকারের সকল রাজস্ব ও অন্যান্য প্রাপ্তি 'সংযুক্ত তহবিল' অথবা 'প্রজাতন্ত্রের সরকারি হিসাব'-এ জমা হওয়ার বিধান রহিয়াছে। ট্রেজারি রুলস অনুযায়ী এই অর্থ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত ট্রেজারি সিঙ্গেল অ্যাকাউন্ট (TSA) এর মাধ্যমে পরিচালিত হইবে এবং সরকারের মন্ত্রণালয়, বিভাগ বা অধঃস্তন অফিসসমূহ কর্তৃক আর্থিক লেনদেন করিবার জন্য এই হিসাব ব্যবহার করিতে হইবে। এই হিসাব ব্যতীত অন্য কোনো ব্যাংক হিসাবের মাধ্যমে সরকারি অর্থ লেনদেন করিবার কোন সুযোগ নেই।

০২। সরকারের নগদ অর্থ ব্যবস্থাপনা শক্তিশালীকরণ এবং Real Time-এ সরকারী অর্থ জমা নিশ্চিত করিবার লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছর হইতে সরকারি রাজস্ব ও অন্যান্য প্রাপ্তি ৫৬ ডিজিটের কোডের মাধ্যমে অনলাইনে জমা প্রদানের জন্য (A-Challan) পদ্ধতি প্রবর্তিত হইয়াছে। কিছু লক্ষ্য করা যাইতেছে যে, কিছু দপ্তর এখনও পুরাতন ম্যানুয়াল কোড ব্যবহার করিয়া অর্থ জমা প্রদান করিতেছে এবং অনেক ক্ষেত্রে TSA ব্যবহার না করিয়া আইন বর্হিভূতভাবে ব্যাংকে নিজেদের নামে পৃথক হিসাব খুলিয়া সরকারি অর্থ জমা রাখিতেছে। ইহাতে একদিকে যেমন সরকারের নগদ অর্থের প্রকৃত স্থিতির পরিমাণ নিরূপণ করা সম্ভব হইতেছে না, তেমনি অন্যদিকে বিভিন্ন ব্যাংক হিসাবে জমাকৃত নগদ অর্থ সরকার প্রয়োজনে ব্যবহার করিতে না পারিবার কারণে অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎস হইতে উচ্চ সুদে ঋণ গ্রহণ করিতে হইতেছে।

০৩। এমতাবস্থায়, সরকারি অর্থের স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং ঋনের সুদজনিত ব্যয় হ্রাস করিবার লক্ষ্যে সরকার নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করিয়াছে।

(ক) আগামী ০১ জুলাই ২০২৬ হইতে ম্যানুয়াল চালান পদ্ধতি সম্পূর্ণ বন্ধ এবং সকল সরকারি রাজস্ব ও অন্যান্য প্রাপ্তির ক্ষেত্রে শতভাগ 'এ-চালান' ব্যবস্থা বাস্তবায়ন করিতে হইবে;

(খ) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরসহ সকল অধঃস্তন অফিসের রাজস্ব বা অন্য কোনো প্রাপ্তি আদায় ও জমা করিবার জন্য 'এ-চালান' ব্যতীত অন্য কোনো স্বতন্ত্র ব্যবস্থা বা সিস্টেম চালু থাকিলে তাহা অবিলম্বে বাতিল করিতে হইবে;

(গ) সকল সরকারি দপ্তর কর্তৃক বাণিজ্যিক ব্যাংকে রক্ষিত ব্যাংক হিসাবে জমাকৃত সমুদয় অর্থ আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে 'এ-চালান' এর মাধ্যমে সংশ্লিষ্ট অর্থনৈতিক কোড ব্যবহার করিয়া বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সরকারের ব্যাংক একাউন্ট TSA-তে স্থানান্তর নিশ্চিত করিতে হইবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এই পরিপত্র জারি করা হইল।

স্বা:/
ইশরাত জাবিন
উপ সচিব
ফোন: ০২২২৩৩৮১৬১৭